মেহেরপুরে চুরির অপবাদে শিশু নির্যাতনের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে

মেহেরপুর সদর উপজেলার ইসলামনগর গ্রামে চুরির অপবাদ দিয়ে দুই শিশুকে নির্যাতনে অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা সাহাবদ্দিনের বিরুদ্ধে। এ ঘটনায় সদর থানায় অভিযোগ করেছে ভুক্তভোগীরা। নির্যাতনের শিকার দুই শিশু হলো আরিফুল ও হৃদয়।

লিখিত অভিযেগে আমেনা খাতুন জানান, সাহাবদ্দিন আমাদের সাথে ঝামেলা সৃষ্টি করে ও নানা মিথ্যা অপবাদ দিয়ে হেনস্ত করার চেষ্টা ও ষড়যন্ত্র করে। এরই ধারাবাহিকতায় গত ২০ ডিসেম্বর বিকালে বিবাদী আমার বোনের ছেলে মোঃ আরিফুল (১৪), ও আমার নাতি মোঃ রিদয় (১৩) কে সন্দেহ বসত ধরে তাদের উপর চুরির মিথ্যা অপবাদ দেয় এবং বাঁশের মোটা লাঠি দিয়ে এলোপাতাড়ি মারধর করে জখম কেও এবং বিবাদী আমার বোনের ছেলে ও আমার নাতিকে জোরপূর্বক চুরির অপবাদটি স্বীকার করে নিতে বলে।

সাহবদ্দিন এভাবে দীর্ঘ ৪ ঘন্টা আমার বোনের ছেলে ও আমার নাতিকে শারীরিক নির্যাতন করিতে থাকে। পরবর্তিতে বিবাদী আমার বোনের ছেলে ও আমার নাতিকে মেরে ফেলার হুমকি দিয়ে বলে যে, এ নির্যাতনের বিষয়ে যেন কাওকে না জানানো হয়। জানালে তাদেরসহ পরিবারের লোকজনদের মেরে ফেলবে বলে হুমকি দিয়ে আমার বোনের ছেলে ও আমার নাতিকে ছেড়ে দেয়।

পরে আমরা জানতে পেরে তাদের দুজনকে মেহেরপুর জেনারেল হাসাপাতালে ভর্তি করি।